12

দৈনিক ইত্তেফাক

তারিখ ...12 APR 1997
পৃঃ ১ কলাম ৩

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি

# ৪ হাজার আসনের জন্য ৬১ হাজার আবেদন

**আনোয়ার আলদীন** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে প্রথম বর্ষ অনার্স শ্রেণীতে চার হাজার আসনের জন্য ৬১ হাজার ১৮০টি আবেদনপত্র জমা পড়িয়াছে। ১টি আসনে ভর্তির জন্য গড়ে ১৫ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি পরীক্ষার মাধ্যমে প্রতিদ্বন্দ্বিতা করিতে হইবে। গত শিক্ষাবর্ষের চাইতে এ বছর চার সহস্রাধিক বেশী আবেদনপত্র পড়িয়াছে। আগামী ২রা মে হইতে

( ২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## ৪ হাজার আসনের জন্য

( ১ম পৃঃ পর )

চারটি পৃথক ইউনিটের মাধ্যমে আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষা শুরু হইবে।

গত বৃহস্পতিবার ছিল আবেদনপত্র বিক্রয় ও জমা নেওয়ার শেষ দিন। 'ক' 'খ' 'গ' ও 'ঘ' এই চারটি ইউনিটের ডীনসূত্রে জানা গিয়াছে, সর্বাধিক আবেদনপত্র পড়িয়াছে বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটে। এই ইউনিটের প্রায় দেড় হাজার আসনের বিপরীতে ২১ হাজার ৪৮০টি আবেদনপত্র জমা পড়িয়াছে। এই ইউনিটের ১টি আসনের জন্য প্রায় ২০ জন প্রার্থীকে ভর্তিযুদ্ধে অংশ নিতে হইবে।

ইহাছাড়া 'কলা' অনুষদভুক্ত 'খ' ইউনিটের ১৯ শতাধিক আসনের জন্য আবেদনপত্র পড়িয়াছে ১৫ হাজার ১ শত। বিজনেস ষ্টাডিজ অনুষদভুক্ত 'গ' ইউনিটের ৭ শত ৪টি আসনের বিপরীতে এক হাজার আবেদনপত্র এবং সম্মিলিত 'ঘ' ইউনিটের সাড়ে ৫ শতাধিক আসনের জন্য জমা পড়িয়াছে ১৪ হাজার ৭ শত আবেদনপত্র। 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা হইবে ১৬ই মে, 'খ' ইউনিটের ৯ই মে, 'গ' ইউনিটের ২রা মে এবং 'ঘ' ইউনিটের ২৩শে মে।

চলতি ১৯৯৬-'৯৭ শিক্ষাবর্ষে চার ইউনিটেই এম সি কিউ (মাল্টিপোল চয়েস কোশ্চেনস্) পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হইবে। গত ২৪শে মার্চ হইতে ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিতরণ শুরু হয়। 'খ' ও 'ঘ' ইউনিটের ডীনদ্বয় জানাইয়াছেন; যাহারা গতকাল প্রচণ্ড ভীড়ের কারণে আবেদন পত্র জমা দিতে পারে নাই তাহাদের আবেদনপত্র আজও (শনিবার) নেওয়া হইবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ অনার্স শ্রেণীতে নির্ধারিত আসন সংখ্যা হইতেছে : ইংরেজী-১৩২, বাংলা-১৩২, সংস্কৃত-৫৫, পালি-১৩, আরবী-১১০, ইসলামিক ষ্টাডিজ-১১০, উর্দু-২৮, ফার্সী-২৮, ইতিহাস-১৩৮, ইসলামের ইতিহাস-১১০, দর্শন-১৬৫, গণযোগাযোগ ও সাংবাদিকতা-৬৬, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান-৫৫, অর্থনীতি ১৩৮, রাষ্ট্র বিজ্ঞান-২২০, সমাজবিজ্ঞান-২২০, নৃ-বিজ্ঞান-৫৫, ভাষাতত্ত্ব—২০, আন্তর্জাতিক সম্পর্ক-১১০, লোক প্রশাসন-১৩৮, সমাজকল্যাণ-৮৩, আইন-১১০, পদার্থবিজ্ঞান-১৩০, ফলিত পদার্থ-বিজ্ঞান ও ইলেকট্রোনিক্স-৫৫, কম্পিউটার বিজ্ঞান-২০, রসায়ন-৬০, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি-৪৫, গণিত-১১০, পরিসংখ্যান-৮০, এপ্লাইড ষ্টাটিসটিকস-৩০, ভূগোল ও পরিবেশ-১০০ (কলা ৫০+বিজ্ঞান ৫০) ভূতত্ত্ব-৫০, উদ্ভিদ বিজ্ঞান-৭০, প্রাণিবিদ্যা-৭০, মনোবিজ্ঞান-৮০ (কলা-৪০+বিজ্ঞান-৪০) অনুজীব বিজ্ঞান-২০, ফার্মেসী-৫৫, প্রাণ রসায়ন-৫৫, মৃত্তিকা বিজ্ঞান-৭৫, হিসাববিজ্ঞান-১৭৬, ব্যবস্থাপনা-১৭৬, মার্কেটিং-১৭৬ এবং ফিন্যান্স-১৭৬। মোট ৪ হাজার ৪০টি আসন রহিয়াছে। উল্লেখ্য, চলতি শিক্ষা বর্ষে আসনসংখ্যা বৃদ্ধি করা হয় নাই।